



স্মারক নম্বর: ১২.০০.০০০০.০১২.২৩.০৫৪.১৮-৩৭৩

তারিখ: ১৯ চৈত্র ১৪২৬

০২ এপ্রিল ২০২০

বিষয়: করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ ও এর প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে মাননীয় প্রধানমন্ত্রী এবং কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, দেশে করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ ও এর প্রাদুর্ভাবজনিত যে কোনো জরুরি পরিস্থিতি মোকাবেলায় গত ৩১ মার্চ ২০২০ মাননীয় প্রধানমন্ত্রী ৬৪টি জেলার জেলা প্রশাসক ও সংশ্লিষ্টদের সাথে ভিডিও কন্ফারেন্সে জরুরি নির্দেশনা প্রদান করেন। ভিডিও কন্ফারেন্সে মাননীয় প্রধানমন্ত্রী কৃষি মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেন:

“খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে আবাদি কোন জমি ফেলে না রেখে প্রতি ইঞ্চি জমিতে ফসল ফলাতে হবে”

০২। এছাড়া কৃষি মন্ত্রণালয়ে হতে ইতঃপূর্বে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়:

(ক) করোনা ভাইরাসের প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে সরকার ঘোষিত সাধারণ ছুটির সময়ে চলমান বোরো মৌসুমে অত্যাবশ্যকীয় পণ্য হিসেবে সার, বীজ, বালাইনাশক, সেচযন্ত্রসহ সকল কৃষিযন্ত্র এবং যন্ত্রের খুচরা যন্ত্রাংশ, কৃষিযন্ত্রে বচ্যবহৃত জ্বালানী/ডিজেল, কৃষিজাত পণ্য/ উপকরণ ব্যবসার সাথে জড়িত পণ্যের পরিবহণ এবং ক্রয়-বিক্রয় অব্যাহত থাকবে।

(খ) করোনা ভাইরাসের সংক্রমণ ঝুঁকি হ্রাসে সকল কৃষকদের স্বাস্থ্য সুরক্ষায় সরকারের নির্দেশনাগুলো অনুসরণ এবং এ বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে হবে।

(গ) কৃষি মন্ত্রণালয়, এর আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের নিজ কর্মস্থলে অবস্থান করতে হবে। সময়ে সময়ে সরকারের জারিকৃত নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন করতে হবে।

০৩। জেলা প্রশাসকদের সাথে ভিডিও কন্ফারেন্সে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা এবং কৃষি মন্ত্রণালয়ের ইতঃপূর্বে প্রদত্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নে জরুরি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেক্রমে অনুরোধ করা হলো।

২-৪-২০২০

মোঃ দেলোয়ার হোসেন

যুগ্মসচিব

ফোন: ৯৫৭৭৪২৯

ইমেইল: admin1@moa.gov.bd

কৃষি মন্ত্রণালয়ের সকল দপ্তর/সংস্থা প্রধান গণ

স্মারক নম্বর: ১২.০০.০০০০.০১২.২৩.০৫৪.১৮-৩৭৩/১

তারিখ: ১৯ চৈত্র ১৪২৬

০২ এপ্রিল ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর সহকারী একান্ত সচিব, মাননীয় মন্ত্রীর দপ্তর, কৃষি মন্ত্রণালয়

২-৪-২০২০

মোঃ দেলোয়ার হোসেন

যুগ্মসচিব